গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-১
www.mohpw.gov.bd

**বিষয় : বিশ্ব বসতি দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত ২য় প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কাজী ওয়াছি উদ্দিন, সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২০ সেপ্টেম্বর ২০২৩ |
| সভার সময় | : | বেলা ৩.৩০ টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট -ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন ১৯৮৬ সাল থেকে বাংলাদেশসহ বিশ্বের প্রতিটি দেশে অক্টোবর মাসের প্রথম সোমবার বিশ্ব বসতি দিবস পালিত হয়ে আসছে। এ বছর অক্টোবর মাসের প্রথম সোমবার অর্থাৎ আগামী ০২ অক্টোবর ২০২৩ তারিখে বিশ্ব বসতি দিবস উদযাপিত হতে যাচ্ছে। বাংলাদেশসহ উন্নয়নশীল বিশ্বের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে এ দিবসটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। বিশ্ব বসতি দিবসের এবারের প্রতিপাদ্য বিষয় "Resilient urban economies. Cities as drivers of growth and recovery" এর ভাবানুবাদ মন্ত্রণালয় কর্তৃক নিধারণ করা হয়েছে: স্থিতিশীল নগর অর্থনীতির প্রবৃদ্ধি ও পুনরুদ্ধারে টেকসই নগরসমূহই চালিকাশক্তি"। সকলের সার্বিক সহযোগিতায় এবারের বিশ্ব বসতি দিবসটি বর্ণাঢ্যভাবে উদযাপিত হবে মর্মে তিনি আশা প্রকাশ করেন। তিনি যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা-১-কে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ জানান।

২.০ সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা-১ সভার কার্যপত্র উপস্থাপন করেন। উপ-কমিটিসমূহের কাজের অগ্রগতি পর্যালোচনার জন্য পর্যায়ক্রমে উপ-কমিটিগুলোর আহবায়ককে তাদের কমিটির কাজের অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

৩.০ উদ্বোধনী অনুষ্ঠান বাস্তবায়ন উপ-কমিটির সদস্য সচিব শেখ নূর মোহাম্মদ জানান যে, ০২ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ১০:০০ টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে বিশ্ব বসতি দিবসের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, বিশেষ অতিথি থাকবেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি এবং সভাপতিত্ব করবেন সচিব মহোদয়। উদ্বোধনী অনুষ্ঠানে Key Note Paper উপস্থাপন করবেন পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর। উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকাস্থ দপ্তর/সংস্থার ৬৩০ জনসহ মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত থাকবেন।

সিদ্ধান্ত-৩.১: বিশ্ব বসতি দিবস এর প্রতিপাদ্য বিষয়ের উপর ভিত্তি করে চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ; চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ; প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর; প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর; মহাপরিচালক, এইচবিআরআই এবং পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর অনুষ্ঠানে বক্তব্য প্রদান করবেন।

সিদ্ধান্ত-৩.২: উদ্বোধনী অনুষ্ঠানে ওসমানী স্মৃতি মিলনায়তনে গণপূর্ত অধিদপ্তর ২৫০ জন, রাজউক ১৫০, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ১০০ জন, স্থাপত্য অধিদপ্তর ৫০ জন, এইচ.বি.আর.আই ৩০ জন, নগর উন্নয়ন অধিদপ্তর ৩০ জন, সরকারি আবাসন পরিদপ্তর ২০ জন কর্মকর্তা/কর্মচারী উপস্থিতি নিশ্চিত করার জন্য ঢাকাস্থ দপ্তর/সংস্থার প্রধানকে অনুরোধ করা হয়।

৪.০ আমন্ত্রণপত্র প্রস্তুত ও বিতরণ উপ-কমিটির আহবায়ক যুগ্মসচিব মোঃ মাহমুদুর রহমান হাবিব বলেন যে, উদ্বোধনী অনুষ্ঠানের আমন্ত্রণপত্র চূড়ান্ত করা হয়েছে। তবে আমন্ত্রণপত্রে Key Note Paper উপস্থাপনের বিষয়টি অন্তর্ভুক্ত করা হবে কিনা সে বিষয়ে তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি মহোদয় Key Note Paper এর জন্য ১৫ মিনিট নির্ধারণপূর্বক আমন্ত্রণপত্র আপডেট করার নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত-৪.১: Key Note Paper উপস্থাপনের জন্য ১৫ মিনিট সময় নির্ধারণ করতঃ বিশ্ব বসতি দিবস এর অনুষ্ঠানের আমন্ত্রণপত্র চূড়ান্ত করতে হবে। বিশ্ব বসতি দিবস এর অনুষ্ঠানের জন্য ১০০০ আমন্ত্রণপত্র প্রস্তুত করতে হবে।

৫.০ বাণী প্রস্তুত ও ক্রোড়পত্র প্রকাশনা সংক্রান্ত উপ-কমিটি আহবায়ক অতিরিক্ত সচিব সৈয়দ মামুনুল আলম জানান যে, কমিটি মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বাণী প্রস্তুত করেছে। সকলের স্বাক্ষর গ্রহণ করা হয়েছে। ক্রোড়পত্রে প্রকাশের জন্য ইতোমধ্যে ২১টি পত্রিকার আবেদন পাওয়া গেছে। ক্রোড়পত্র প্রকাশের ক্ষেত্রে বহুল প্রচারিত পত্রিকা নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সিদ্ধান্ত-৫.১: মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বাণী এবং চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক লিখিত একটি মূল প্রবন্ধসহ পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ।

সিদ্ধান্ত-৫.২: ক্রোড়পত্র প্রকাশের লক্ষ্যে প্রাপ্ত আবেদনপত্রগুলো যাচাই বাছাইক্রমে যৌক্তিকভাবে বহুল প্রচারিত পত্রিকা নির্বাচন করতে হবে।

৬.০ সেমিনার বাস্তবায়ন উপ-কমিটির আহবায়ক পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর জানান যে, ০৪ অক্টোবর ২০২৩ তারিখ বিকাল ৩:০০ টায় গণপূর্ত অধিদপ্তরের সম্মেলন কক্ষে সেমিনার অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে ০৬টি সেমিনার পেপার পাওয়া গেছে।

সিদ্ধান্ত-৬.১: সেমিনার পেপারগুলো যেন বিশ্ব বসতি দিবস এর প্রতিপাদ্যের সাথে সঙ্গতিপূর্ণ ও সহজবোধ্য হয় তা নিশ্চিত করতে হবে।

৭.০ স্মরণিকা প্রকাশ উপ-কমিটির আহবায়ক অতিরিক্ত সচিব জনাব মোঃ হামিদুর রহমান খান বলেন যে, স্মরণিকায় প্রকাশের জন্য ২৩টি লেখা পাওয়া গেছে। তন্মধ্যে উপ-কমিটি ২০টি লেখা চূড়ান্ত করেছে। লেখাগুলি আরো যাচাই-বাছাই এর কার্যক্রম চলমান আছে। স্মরণিকায় লেখকগণকে বিশ্ব বসতি দিবসের অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হবে। অনুষ্ঠানে স্মরণিকার মোড়ক উন্মোচন করা হবে।

সিদ্ধান্ত-৭.১: নির্ধারিত সময়ের মধ্যে স্মরণিকা প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্মরণিকার লেখাগুলো যাতে মানসম্মত হয় সেদিকে খেয়াল রাখতে হবে। এ বছর ৫০০ কপি স্মরণিকা প্রকাশ করা হবে।

৮.০ প্রচার বাস্তবায়ন উপ-কমিটির আহবায়ক অতিরিক্ত সচিব জনাব শাকিলা জেরিন আহমেদ জানান যে, বিশ্ব বসতি দিবস এর প্রতিপাদ্যের সাথে মিল রেখে ব্যানার, পোস্টার এবং ফেস্টুনের ডিজাইন চূড়ান্ত করা হয়েছে। দিবসটি উপলক্ষ্যে বাংলাদেশ টেলিভিশন ও বেসরকারি টেলিভিশনে টকশো আয়োজন করা হবে। বাংলাদেশ বেতারে মাননীয় প্রতিমন্ত্রী, সচিব মহোদয় ও চেয়ারম্যান, রাজউক এর বক্তব্য প্রচারিত হবে। বিটিভি ও বেসরকারি টেলিভিশনে বিশ্ব বসতি দিবসের প্রচারণামূলক স্ক্রল বিনা খরচে প্রচারের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে। ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ডিজিটাল সাইন বোর্ডে বিশ্ব বসতি দিবসের স্লোগান ও ব্যানার বিনা খরচে প্রদর্শনের জন্য ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বরাবরে পত্র লেখার কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান অনুষ্ঠানের ডিজিটাল ব্যানার, ড্রপ ব্যানার, মঞ্চের ডিজাইন সভায় উপস্থাপন করেন। ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান উপস্থাপিত আইটেমের বিষয়ে সভাপতি মহোদয়সহ সভায় উপস্থিত সকলে বিভিন্ন পরামর্শ প্রদান করেন।

সিদ্ধান্ত-৮.১: বিশ্ব বসতি দিবস ২০২৩ বর্ণাঢ্যভাবে উদযাপনের লক্ষ্যে ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান কর্তৃক উপস্থাপিত বিভিন্ন ইভেন্টগুলো সভার নির্দেশনার আলোকে পরিমার্জনপূর্বক শীঘ্রই সচিব মহোদয়ের অনুমোদন গ্রহণ করতে হবে।

৯.০ র‍্যালি বাস্তবায়ন উপ-কমিটির আহবায়ক জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি বলেন যে, ০২ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ৭:৩০ ঘটিকায় কেন্দ্রীয় শহীদ মিনার হতে যাত্রা শুরু করে দোয়েল চত্বর, হাইকোর্ট হয়ে ওসমানী মিলনায়তন পর্যন্ত র‍্যালি অনুষ্ঠিত হবে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২০০ জন, গণপূর্ত অধিদপ্তরের ২০০ জন, রাজউকের ১০০, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ২০০ জন, স্থাপত্য অধিদপ্তরের ৪০ জন, এইচ.বি.আর.আই এর ২০ জন, নগর উন্নয়ন অধিদপ্তর ৬০ জন, সরকারি আবাসন পরিদপ্তর ২০ জন, কোয়ালিশন ফর আরবান পুওর এর ৫০ জন, রিহ্যাব এর ১০০ জন, ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর ২০ জন, নগর গবেষণা কেন্দ্রের ২০ জন, বাংলাদেশ ইনস্টিটিউট অব আর্কিটেক্ট এর ২০ জন, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট অব বাংলাদেশ এর ২০ জন এবং ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ এর ২০ জনসহ মোট ১০৯০ জন বর্ণিল প্ল্যাকার্ডসহ র‍্যালিতে অংশগ্রহণ করবেন। র‍্যালিতে ব্যান্ড পার্টি থাকবে। র‍্যালিতে অংশগ্রহণকারীগণকে টি-শার্ট, ক্যাপ ও নাস্তা সরবরাহ করা হবে। এছাড়া ব্যানার ও ফেস্টুন সজ্জিত পিকআপ ভ্যান শহরব্যাপি প্রদক্ষিণ করবে।

সিদ্ধান্ত-৯.১: ০২ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ৮:০০ টায় বিশ্ব বসতি দিবসের র‍্যালি অনুষ্ঠিত হবে। র‍্যালির নিরাপত্তা নিশ্চিতকল্পে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ পুলিশ কমিশনার, ঢাকা বরাবর পত্র প্রেরণ করবেন।

১০.০ বিভাগীয় পর্যায়ে বিশ্ব বসতি দিবস উদযাপন উপ-কমিটির আহবায়ক জনাব মোঃ মোতাহার হোসেন জানান যে, জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারদের নির্দেশনা দেয়ার জন্য মন্ত্রিপরিষদ বিভাগে ০৭/০৯/২০২৩ তারিখে আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ ইতোমধ্যে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারদের নির্দেশনা প্রদান করেছে। এছাড়া বিভাগীয় ও জেলা পর্যায়ে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণের সাথে সমন্বয়ক্রমে দিবসটি উদযাপনের লক্ষ্যে উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান ও গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীগণকে মন্ত্রণালয় হতে নির্দেশনা দেয়া হয়েছে।

সিদ্ধান্ত-১০.১: মন্ত্রণালয়ের অনুষ্ঠানের সাথে সমন্বয় করে বিভাগীয়/জেলা পর্যায়ে বিশ্ব বসতি দিবস উদযাপনের উদ্যোগ নিতে হবে। এ বিষয়ে উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান ও গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীগণ বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণের সাথে সমন্বয়ক্রমে কার্যক্রম গ্রহণ করবেন। একইসাথে বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত BC কমিটিকে বিভাগীয়/জেলা পর্যায়ে বিশ্ব বসতি দিবস উদযাপনের সাথে সম্পৃক্ত করতে হবে।

১১.০ ভিডিও প্রস্তুত ও সম্প্রচার উপ-কমিটির সদস্য সচিব অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব মোঃ শহিদুল আলম বলেন যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম সংবলিত ১২ মিনিটের ১টি ভিডিও ক্লিপ বিশ্ব বসতি দিবসে সম্প্রচারের নিমিত্ত প্রস্তুত করা হয়েছে। ভিডিও ক্লিপটির এডিটিং এর কার্যক্রম চলমান আছে।

সিদ্ধান্ত-১১.১: ভিডিও ক্লিপটি ০৭ মিনিটে রূপান্তরক্রমে আগামী ৭ দিনের মধ্যে সচিব মহোদয় বরাবর উপস্থাপন করতে হবে।

১২.০ সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/৯/২৩

কাজী ওয়াছি উদ্দিন
সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

স্মারক নম্বর : ২৫.০০.০০০০.০১৩.৯৯.১০.২২- ৮22

তারিখ : ০৬ আশ্বিন ১৪৩০ / ২১ সেপ্টেম্বর ২০২৩

**বিতরণ** (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান (সচিব), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১/২)/(উন্নয়ন অনুবিভাগ-১/২)/(অডিট)/(মনিটরিং), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ/চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ।
৫. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৬. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
৯. বিভাগীয় প্রধান, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০. বিভাগীয় প্রধান, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১১. বিভাগীয় প্রধান, ভূগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১২. বিজ্ঞ আইন উপদেষ্টা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
১৩. পরিচালক, সরকারী আবাসন পরিদপ্তর, ঢাকা।
১৪. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১/২/৫/৬/১৭)/(উন্নয়ন অধিশাখা-৭/৮/৯/১৪/১৫)/পরিকল্পনা/পরিকল্পনা-৩,গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
১৫. সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬. মহাপরিচালক, এইচ.বি.আর.আই, দারুস সালাম, মিরপুর, ঢাকা।
১৭. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর/অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, ঢাকা।
১৮. উপসচিব (প্রশাসন অধিশাখা-৩/১৩/মনিটরিং-১০/আইন-১/বাজেট-৪), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
১৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২০. সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-১/মনিটরিং-১১/অডিট-১২/বাজেট-১৬, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
২১. সভাপতি, ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ, সদর দপ্তর, রমনা, ঢাকা।
২২. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স, প্ল্যানার্স টাওয়ার (লেভেল-৭), ১৩/এ, বীর উত্তম সি.আর.দত্ত রোড, বাংলামটর, ঢাকা।
২৩. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ ইনস্টিটিউট অব আর্কিটেক্টস্, প্লট নং-১১, ব্লক-ই, রোড নং-৭, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
২৪. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, ১৬০/এ, কাকরাইল, ঢাকা।
২৫. সভাপতি/সম্পাদক, নগর গবেষণা কেন্দ্র, বাড়ী নং-৪/২, ব্লক-বি, লালমাটিয়া, ঢাকা।
২৬. সভাপতি/সম্পাদক, রিহ্যাব, ১ ফ্রি স্ট্রীট স্কুল, সোনারগাঁও রোড, ঢাকা।
২৭. নির্বাহী পরিচালক, কোয়ালিশন ফর দি আরবান পুওর (কাপ), ১০সি/১ মাদ্রাসা রোড, আজিজ মহল, মোহাম্মদপুর, ঢাকা।
২৮. জনাব আখতারুজ্জামান, UN-HABITAT এর বাংলাদেশ প্রতিনিধি, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২৯. প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার গণপূর্ত বিভাগ, ঢাকা।
৩০. জনাব এ.জেড.এম শফিউল হান্নান, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৩১. জনাব মোহাম্মদ আবুল কালাম আজাদ, নির্বাহী প্রকৌশলী (উন্নয়ন অনুবিভাগ-১ এ সংযুক্ত), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
৩২. জনাব স্বর্ণেন্দু শেখর মন্ডল, নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা।
৩৩. জনাব মোঃ আব্দুস সাত্তার, নির্বাহী প্রকৌশলী, ইডেন ভবন গণপূর্ত বিভাগ, ঢাকা।
৩৪. সহকারী সচিব, মনিটরিং শাখা-১০, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
৩৫. সিস্টেম এনালিস্ট, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২১/০৯/২০২৩

(শেখ নূর মোহাম্মদ)
যুগ্মসচিব